



প্রতিমন্ত্রীর পদ থেকে পদত্যাগ করলেন ইশরাক হোসেন



ইশরাক হোসেন। ছবি: সংগৃহীত

মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রীর পদ থেকে পদত্যাগ করেছেন ইঞ্জিনিয়ার ইশরাক হোসেন। সোমবার (১৯ অক্টোবর) দুপুর ২টায় রাজধানীর জাতীয় প্রেস ক্লাবে সাংবাদিকদের সামনে এ ঘোষণা দেন তিনি।

ইশরাক বলেন, দল যাতে বিব্রতকর পরিস্থিতিতে না পড়ে, সে কারণেই প্রতিমন্ত্রীর পদ ছাড়ার সিদ্ধান্ত নিয়েছেন তিনি।

এর আগে সোমবার সকালে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে পদত্যাগের বিষয়ে চূড়ান্ত ঘোষণা দেওয়ার কথা জানান ইশরাক।

সম্প্রতি ঢাকা-৬ আসনের গেভারিয়া এলাকায় মাদকবিরোধী অভিযানে তাঁর হাতে অস্ত্র দেখা যাওয়ার একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে। এ নিয়ে আলোচনা-সমালোচনার মধ্যে তাঁর পদত্যাগের বিষয়টি সামনে আসে।

LENS ASIA